

২০২২

বাংলা

(প্রোগ্রাম)

ডিসিপ্লিন স্পেসিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGP-DSE-T-1

(সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০
- ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে দু'জন ক্লাসিক কবির নাম গ্রন্থসহ উল্লেখ করো।
- খ) 'ঔচিত্যবাদ'-এর প্রতিষ্ঠাতা কে? এই বিষয়ক তাঁর লেখা গ্রন্থটির নাম কী?
- গ) আনন্দবর্ধন কত রকমের রীতির কথা বলেছেন? সেগুলি কী কী?
- ঘ) অলংকারবাদের জনক কাকে বলা হয়? তাঁর গ্রন্থটির নাম লেখো।

[পরপৃষ্ঠায়]

- ঙ) বাংলা সাহিত্যে 'নিউ ক্লাসিক' যুগের সূত্রপাত কোন্ কবির কোন্ কাব্যের মাধ্যমে হয়েছিল?
- চ) ক্লাসিক সাহিত্যের জন্ম কোথায় হয়? ইংরেজী সাহিত্যের দু'জন ক্লাসিক কবির নাম লেখো।
- ছ) 'সাহিত্যের সত্য কেন চিরকালীন সত্য' — সংক্ষেপে লেখো।
- জ) 'সুররিয়ালিজম' বলতে কী বোঝো?
- ঝ) কাব্যের উদ্দেশ্য কী?
- ঞ) 'রক্তকরবী' নাটকটি কার লেখা? এটি কী ধরনের নাটক?
- ট) 'রঞ্জন' এর সঙ্গে পাঠক-দর্শকের পরিচয় কীভাবে ঘটেছে?
- ঠ) বঙ্কিমচন্দ্রের লেখা 'বিদ্যাপতি ও জয়দেব' প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়, এটি কোন প্রবন্ধ গ্রন্থের অন্তর্গত?
- ড) "রবীন্দ্রনাথের বিশ্বাস ও অভিনয়ে অনুরূপ ছিল" — কোন্ প্রসঙ্গে এ উক্তি করা হয়েছে?
- ঢ) প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুব কোন্ পর্বের কবিতাকে রবীন্দ্রনাথের গোটা জীবনদর্শন বলে মনে করেন?
- ণ) বিদ্যাপতি ও জয়দেব ছাড়া প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র উল্লেখিত কয়েকজন গীতিকবির নাম লেখো।

- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: $৫ \times ৪ = ২০$
- ক) 'অনুকৃতি' কী? 'অনুকৃতি' সম্পর্কে প্রাচীন আলঙ্কারিকদের ধারণার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- খ) 'ন্যাচারালিস্টিক' বলতে কী বোঝো? সংক্ষেপে লেখো।
- গ) 'কাব্যসত্য' সম্পর্কে রাবীন্দ্রিক ভাবনার পরিচয় দাও।
- ঘ) 'ক্লাসিসিজম' ও 'রোমান্সিজম' — এর দু'টি করে বৈশিষ্ট্য লেখো।

- ঙ) 'রক্তকরবী'র নন্দিনীকে সবার চেয়ে কে বেশি ভালোবাসত? রঞ্জন, কিশোর না বিশু পাগল? প্রাবন্ধিক এই প্রশ্নের সমাধানে কোন্ সিদ্ধান্তে এসে পৌঁছেছেন তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।
- চ) কোন্ কোন্ 'কবিওয়ালার' রচনা গীতিকবিতা হিসাবে অতি সুন্দর বলে মনে করেন প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র? মূল প্রবন্ধ অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো।
- ৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও: $১০ \times ২ = ২০$
- ক) 'সুররিয়ালিজম'-এর সংজ্ঞা দাও। বাংলা সাহিত্যে সুররিয়ালিজমের প্রভাব সম্পর্কে বুঝিয়ে দাও।
- খ) ক্লাসিসিজম ও রোমান্সিজমের মধ্যে তুলনামূলক আলোচনা করো।
- গ) "রবীন্দ্রনাথের মনের একটি কোণে যে উদাসীটি আছে সে তাঁর নানা রচনায় বিশুর মত রূপ নিয়েছে, সে এক নিত্যকালের ক্ষাপা।" — 'রক্তকরবীর তিনজন' প্রবন্ধ অবলম্বনে বিশুকে কেন্দ্র করে 'সেই নিত্যকালের ক্ষাপা' চরিত্রগুলির মাধ্যমে কোন্ জীবনদর্শন প্রতিফলিত হয়েছে — আলোচনা করো।
- ঘ) "জগতের মধ্যে যা কিছু শুভ, সুন্দর ও প্রাণস্ফূর্ত, রবীন্দ্রকাব্যে তার প্রকাশ প্রথম থেকে শেষ পর্যন্ত অক্লান্ত ও অনবচ্ছিন্ন" — উৎস নির্দেশপূর্বক লেখক এই সত্যকে কেমনভাবে প্রতিষ্ঠিত করেছেন তা সংক্ষেপে বুঝিয়ে দাও।